

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

বরাবর

বার্তা সম্পাদক

আপনার জনপ্রিয় সংবাদ মাধ্যমে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ



সুলতানা কামাল

আহবায়ক

তথ্য ও প্রযুক্তি বিশেষজ্ঞ তানভীর হাসান নিখোঁজ হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ-এর গভীর উদ্বেগ

[ঢাকা, ২২ মার্চ ২০১৬] রাজধানীর কচুক্ষেত এলাকা থেকে গত ১৬ মার্চ ২০১৬ অজ্ঞাত ব্যক্তি কর্তৃক তথ্য ও প্রযুক্তি বিশেষজ্ঞ তানভীর হাসান জোহার অপহরণ এবং তারপর থেকে তার নিখোঁজের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ প্রকাশ করছে। অপহৃত তানভীর হাসান জোহাকে অবিলম্বে উদ্ধার করে অপহরণের সাথে জড়িত অপরাধকারীদের বিচারের আওতায় আনার আহবান জানাচ্ছে ১৯টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত এইচআরএফবি।

গণমাধ্যমসূত্রে জানা যায়, তানভীর হাসান জোহা ১৬ মার্চ ২০১৬ রাতে সিএনজি অটোরিক্সায় এক বন্ধুর সাথে বাসায় ফেরার পথে দু'টি মাইক্রোবাস উক্ত অটোরিক্সা থামায়। কয়েকজন অজ্ঞাত ব্যক্তি দু'জনের চোখ বেঁধে আলাদা গাড়িতে তোলে এবং এক পর্যায়ে বন্ধুকে কিছু দূরে নামিয়ে দেয়া হয়। তার পরিবারের অভিযোগ, ১৬ মার্চ ২০১৬ রাতে এ ব্যাপারে কলাবাগান, কাফরুল ও ভাষণটেক থানায় সাধারণ ডায়েরি (জিডি) করতে গেলে পুলিশ তা গ্রহণ করেনি এবং উক্ত থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে গণমাধ্যমের যোগাযোগের প্রেক্ষিতে তারা জানান, তানভীর হাসান নিখোঁজ হয়েছেন এমন কোনো খবর তাদের কাছে নেই।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির বিষয়ে তানভীর হাসান নিজেকে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের 'সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ' হিসেবে পরিচয় দিয়ে গণমাধ্যমে মতামত দিয়েছিলেন। পরবর্তী সময়ে উক্ত বিভাগ থেকে জানানো হয়, তার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কোনো সম্পর্ক নেই। গণমাধ্যমসূত্রে জানা যায়, তানভীর হাসান জোহা সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়সহ আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে বিভিন্ন সময়ে কাজ করেছেন এবং একাধিক নথিতে-এর প্রমাণ রয়েছে।

জোহার পরিবারের সদস্যরা থানায় অভিযোগ করতে গেলে যেভাবে তাদের এক থানা থেকে অন্য থানায় ফেরত পাঠানো হয় এবং আইন-শৃঙ্খলা বাহিনী ও সরকারের দায়িত্বশীল ব্যক্তিদের তরফ থেকে দেয়া পরস্পরবিরোধী বক্তব্য গভীর উদ্বেগের বিষয়। নিখোঁজ বা অপহৃত হওয়া যে কোনো ব্যক্তিকে খুঁজে বের করার সাংবিধানিক দায়িত্ব আইন-শৃঙ্খলা বাহিনী এবং সরকারের। আমরা তানভীর হাসানের নিরাপত্তার বিষয়ে উদ্বিগ্ন। তার পরিবার পরিজনের নিদারুণ মানসিক যন্ত্রনার এই ক্ষণে আমরা তাদের প্রতি সহমর্মিতা জানাই এবং তানভীর হাসানের সন্ধানে সরকার ও আইন-শৃঙ্খলা বাহিনীর দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য জোর

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 880-2-8100192, 8100195, 8100197, Fax: 880-2-8100187

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

দাবি জানাই। পাশাপাশি দ্রুত এ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছি।

আমরা সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে, বাংলাদেশের সংবিধান সহ নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক সনদ অনুযায়ী, যে কোন প্রকার অপহরণ বা নিখোঁজের অভিযোগের সুষ্ঠু তদন্তসাপেক্ষে অপহৃত ব্যক্তিকে খুঁজে বের করা এবং এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা রাষ্ট্রের দায়িত্ব।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 880-2-8100192, 8100195, 8100197, Fax: 880-2-8100187

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)